# HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

**সংবাদ বিবৃতি**

## বিশিষ্ট আইনজীবী, বীর মুক্তিযোদ্ধা ও স্বনামধন্য মানবাধিকার কর্মী জেড আই খান পান্নার বিরুদ্ধে মিথ্যা মামলা দায়েরের ঘটনায় হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) এর তীব্র নিন্দা ও প্রতিবাদ এবং অবিলম্বে মামলা প্রত্যাহার করার দাবি

**[২০ অক্টোবর ২০২৪,ঢাকা]** বাংলাদেশ সুপ্রীমকোর্টের জ্যেষ্ঠ আইনজীবী ও জেড আই খান পান্নার বিরুদ্ধে ঢাকার খিলগাঁও থানায় একটি হত্যাচেষ্টা মামলা দায়ের হয়েছে। হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ এমন উদ্দেশ্যপ্রণোদিত ও হয়রানিমূলক মামলা দায়েরের ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছে। একইসাথে অবিলম্বে এ মামলা প্রত্যাহারের আহবান জানাচ্ছে। ফোরাম মনে করে এ ধরণের মামলা প্রকৃতপক্ষে ন্যায়বিচারের পথ রুদ্ধ করে এবং ক্ষতিগ্রস্তদের বিচারলাভের অধিকার খর্ব করে। অন্যদিকে এধরণের ঢালাওভাবে হয়রানিরমুলক মামলা কর্তৃত্ববাদের জন্য যারা মুলত দায়ী তাদের জবাবদিহির চলমান বিচার প্রক্রিয়া সম্পর্কে দেশে বিদেশে আস্থা ও গ্রহণযোগ্যতাকে প্রশ্নবিদ্ধ করছে। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন চলাকালীন সময়ে ১৯ জুলাই ২০২৪ তারিখে সংঘটিত পুলিশের গুলিতে আহত আহাদুল ইসলাম(২৬) এর পরিবারের পক্ষ থেকে তার পিতার নামে ১৭ অক্টোবর ২০২৪ তারিখে তাঁর ছেলেকে হত্যা চেষ্টার অভিযোগ এনে ১৮০ জনের বিরুদ্ধে মামলা দায়ের করেন ঢাকার খিলগাঁও থানায়। উল্লেখিত ১৮০ জনের মধ্যে ৯৪ নম্বরে জেড আই খান পান্নার নাম উল্লেখ রয়েছে।

অথচ বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের শুরু থেকেই ছাত্রদের আন্দোলনে জেড আই খান পান্না তাঁর যৌক্তিক অবস্থানে থেকে ছাত্রদের ন্যায়সঙ্গত দাবির প্রতি জোরালো ভূমিকা রাখেন। এমনকি ছাত্র আন্দোলনের উপর গুলি চালানো বন্ধ করার জন্য এবং ৬ সমন্বয়ককে গোয়েন্দা হেফাজতে আটক রাখার ঘটনায় মহামান্য হাইকোর্টে আইনি লড়াইয়ে তিনি সম্পৃক্ত থেকেছেন। তিনি বিগত সরকারের সময়ে ডিজিটাল নিরাপত্তা আইনসহ হেফাজতে মৃত্যু, নির্যাতন এবং গুমের মত স্পর্শকাতর এবং অমানবিক নির্যাতনের বিরুদ্ধে জোড়ালো ভূমিকা রেখেছেন। জনাব জেড আই খান পান্না মত প্রকাশের স্বাধীনতার পরিপন্থি নানা ঘটনার প্রতিবাদ এবং আইনি লড়াই করে যাচ্ছেন। তিনি মানবাধিকার প্রতিষ্ঠান আইন ও সালিশ কেন্দ্র (আসক) এর চেয়ারপার্সন এবং বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এর অন্যতম ট্রাস্টি। তিনি একাধিকবার বার কাউন্সিলেরও নির্বাচিত সদস্য ছিলেন।উচ্চ আদালতে এ দেশের সুবিধাবঞ্চিত এবং নাগরিক অধিকার হরনের শিকার ব্যক্তিদের অন্যতম আশ্রয়স্থল। এ ধরনের মামলা অত্যন্ত ন্যাক্কারজনক দৃষ্টান্ত স্থাপন করেছে। যা নাগরিক সমাজের চিন্তা, বিবেক এবং কণ্ঠরোধের বার্তা হিসেবে জনমনে উদ্রেক সৃষ্টি করেছে।

এইচআরএফবি মনে করে, বীর মুক্তিযোদ্ধা, সুপ্রিমকোর্টের স্বনামধন্য আইনজীবী জেড আই খান পান্না অধিকার বঞ্চিত নাগরিকদের অধিকার আদায়ে তাঁর নিরলস প্রচেষ্টা এদেশের সকল প্রগতিশীল নাগরিক অবগত আছেন। কাজেই তাঁর বিরুদ্ধে এ ধরনের উদ্দেশ্য প্রনোদিত ও হয়রানিমূলক মামলা আমাদেরকে হতবাক করেছে। ফোরাম অ্যাডভোকেট জেড আই খানকে পান্নাকে কোনোভাবে যেন হয়রানি করা না হয় তা নিশ্চিত করার আহবান জানাচ্ছে। একইসাথে ফোরাম জুলাই ও আগস্ট মাসে সংঘটিত হত্যাকাণ্ডের বিচার ও জবাবদিহিতা নিশ্চিত করার প্রক্রিয়াকে অগ্রাধিকার দিয়ে জরুরি পদক্ষেপ গ্রহণ করার দাবি জানাচ্ছে। একইসাথে বিভিন্ন মিথ্যা মামলার মাধ্যমে ব্যক্তি বা ব্যক্তিদের হয়রানি করা বন্ধ করার লক্ষ্যে এবং ক্ষতিগ্রস্ত ও তাদের পরিবারের সহায়তার উদ্দেশ্যে ফোরাম একটি উচ্চ পর্যায়ের প্রক্রিয়া প্রতিষ্ঠার আহবান জানাচ্ছে যার মাধ্যমে আমরা ইন্সপেক্টর জেনারেলকে আহ্বান জানাই যাতে তিনি জুলাই মাসের হত্যাকাণ্ডের শিকার ব্যক্তিদের জন্য ন্যায়বিচার এবং জবাবদিহিতা প্রতিষ্ঠার প্রক্রিয়াকে আরও অগ্রাধিকার দেয়ার জন্য জরুরি পদক্ষেপ গ্রহণ করেন। এই উদ্দেশ্যে, আমরা একটি উচ্চ পর্যায়ের পর্যালোচনা প্রক্রিয়া প্রতিষ্ঠার জন্য পদক্ষেপ নেয়ার আহ্বান জানাচ্ছি যাতে মিথ্যা মামলায় অভিযুক্ত ব্যক্তিদের হয়রানি প্রতিরোধ করা যায়, এবং ভুক্তভোগী ও নিহতদের পরিবারগুলোকে আরও সহায়তা প্রদান করা যায়।

**Secretariat:**
Ain o Salish Kendra (ASK)
2/16, Block-B, Lalmatia, Dhaka-1207
Phone: +88-02-810 0192, 810 0195, 810 0197 | HRFB Email: hrfb.20@gmail.com | Website: https://hrf-bd.org/
**Experts:**
Dr. Hameeda Hossain, Sultana Kamal and Raja Devasish Roy
**Forum Members:**
Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).